তারিখ ... 19 JUL 1996
পৃষ্ঠা ৩ কলাম ৩

দৈনিক ইত্তেফাক

## শিক্ষা সচিব সকাশে শিক্ষক ফেডারেশন প্রতিনিধি দল

শিক্ষক সমিতি ফেডারেশনের একটি প্রতিনিধিদল গত বুধবার শিক্ষা সচিব আবদুল্লাহ হারুন পাশার সহিত সাক্ষাৎ করে। ফেডারেশন নেতৃবৃন্দ জাতীয় জীবনের সকল ক্ষেত্রে বিরাজমান সমস্যাবলী একমতের ভিত্তিতে সমাধানের ব্যাপারে প্রধান-মন্ত্রী শেখ হাসিনার ঘোষণার প্রতি

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## শিক্ষা সচিব সকাশে

( ৩য় পৃঃ পর )

অভিনন্দন জানাইয়া শিক্ষার্থীদের জন্য শিক্ষার উন্নতর পরিবেশ সৃষ্টি, শিক্ষকতা পেশার মর্যাদা সমুন্নতকরণসহ শিক্ষার সার্বিক উন্নয়নের লক্ষ্যে ১৪ দফা সম্বলিত সুপারিশমালা পেশ করেন। তাহারা সাম্প্রতিক এস,এস,সি পরীক্ষার উল্লেখযোগ্য সংখ্যক পরীক্ষার্থী কর্তৃক সেট কোডের উল্লেখ না করার বিষয়টি মানবিক কারণে বিবেচনা এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের জনবল কাঠামোর প্রস্তাবিত সংশোধনীসমূহ কার্যকর করিয়া একটি সরকারী নির্দেশ জারি করার অনুরোধ জানান।

শিক্ষা সচিব শিক্ষকদের বক্তব্যের ব্যাপারে যথাযথ পদক্ষেপ গ্রহণের আশ্বাস দেন। প্রতিনিধিদলের নেতৃত্ব করেন ফেডারেশন নেতা কাজী ফারুক আহমেদ। —প্রেস বিজ্ঞপ্তি